


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dot.gov.bd

স্মারক নম্বরঃ ২৪.০২.০০০০.০০০.০০৩.১৮.০০০৫.২৩-৮৬

তারিখঃ ২৮ বৈশাখ ১৪৩৩
১১ মে ২০২৬

অফিস আদেশ

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, বস্ত্র অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে কর্মরত শিক্ষক/কর্মকর্তা ও কর্মচারীগণের ছেলে-মেয়ে এবং নিকট আত্মীয়স্বজন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ভর্তি পরীক্ষাসহ অন্যান্য পরীক্ষায় অংশগ্রহণ করতঃ বিভিন্ন ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনার সৃষ্টিসহ অধিদপ্তরের ভাবমূর্তি নষ্ট/ক্ষুন্ন হচ্ছে। শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকদের সন্তান/আত্মীয়স্বজন পরীক্ষার্থী থাকলে সংশ্লিষ্ট পরীক্ষায় ডিউটি ও পরীক্ষা সংশ্লিষ্ট অন্যান্য কাজ হতে বিরত থাকা আবশ্যিক। যা প্রতিষ্ঠানের ভাবমূর্তি নষ্ট করাসহ সুষ্ঠু শিক্ষার বিকাশে অন্তরায়। ফলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা ও কর্মচারীগণকে পরীক্ষার ডিউটি পালন হতে বিরত থাকাসহ অনুষ্ঠিতব্য পরীক্ষাসমূহে কোন ধরনের অসদুপায় অবলম্বন থেকে বিরত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অন্যথায় “পাবলিক পরীক্ষা (অপরাধ) আইন, ১৯৮০” [The Public Examinations (Offence) Act 1980] অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।



(কামরুল আলম)

সহকারী পরিচালক (কারিগরি)

শিক্ষা শাখা


ফোনঃ ০২-৫৫০১৩৫৩০

স্মারক নম্বরঃ ২৪.০২.০০০০.০০০.০০৩.১৮.০০০৫.২৩-৮৬/১ (১০)

তারিখঃ ২৮ বৈশাখ ১৪৩৩
১১ মে ২০২৬

অনুলিপিঃ কার্যার্থে ও জ্ঞাতার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (যুগ্মসচিব) প্রশাসন ও অর্থ, বস্ত্র অধিদপ্তর, ঢাকা;
- ২। পরিচালক (উপসচিব) বস্ত্র/শিক্ষা/পরিকল্পনা ও উন্নয়ন, বস্ত্র অধিদপ্তর, ঢাকা;
- ৩। অধ্যক্ষ, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ.....(সকল);
- ৪। অধ্যক্ষ, টেক্সটাইল ইনস্টিটিউট.....(সকল);
- ৫। উপপরিচালক/সমমান, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৬। উপপরিচালক, বিভাগীয় বস্ত্র অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা (আপনার অধিনস্থ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অবগতির জন্য);
- ৭। সুপারিনটেন্ডেন্ট, টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট.....(সকল);
- ৮। সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য);
- ৯। পি এ টু মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য); এবং
- ১০। অফিস কপি/মাস্টার ফাইল।



(কামরুল আলম)

সহকারী পরিচালক (কারিগরি)।